

Class-4

প্রশ্ন ও উত্তর

১। কত সালের কত তারিখে লেখক পৃথিবী ভ্রমণ শুরু করেন?

উ: ১৯২৬ সালের ১২ ডিসেম্বর লেখক পৃথিবী ভ্রমণ শুরু করেন।

২। লেখকের তিন বন্ধুর নাম লেখো?

উ: অশোক মুখার্জি, আনন্দ মুখার্জি ও মনীন্দ্র ঘোষ ছিলেন লেখকের তিন বন্ধু।

৩। লেখক কীসে চড়ে ভূ-পর্যটনে বেরিয়েছিলেন?

উ: লেখক সাইকেলে চড়ে ভূ-পর্যটনে বেরিয়েছিলেন।

৪। কোথা থেকে যাত্রা শুরু হয়েছিল?

উ: কলকাতার টাউন হল থেকে যাত্রা শুরু হয়েছিল।

৫। পালামৌ জঙ্গলে লেখকরা কোথায় রাত্রিবাস করেছিলেন?

উ: ইনস্পেকশন বাংলায় লেখকরা রাত্রিবাস করেছিলেন।

৬। লেখকের সঙ্গে কোন্ আলো ছিল? তার সাহায্যে তাঁরা কী করেছিলেন?

উ: লেখকের সঙ্গে অ্যাসিটিলিন আলো ছিল। তার সাহায্যে লেখকরা একটা ঘর সাফ করে খাওয়াদাওয়া শেষ করেছিলেন।

৭। বাঘ জানালার কাছে আসা মাত্র অশোক কী করেছিলেন?

উ: বাঘ জানালার কাছে আসা মাত্র অশোক ০.৪৫ পিস্তল থেকে একটা গুলি ছুঁড়েছিলেন।

৮। কে কবে জিটি রোড তৈরি করেছিলেন?

উ: ভারতে মোগল সাম্রাজ্য শুরু হওয়ার আগেই পার্থান বীর শেরশাহ কলকাতা থেকে পেশোয়ার পর্যন্ত ১৫০০ মাইল লম্বা এক রাস্তা গ্র্যান্ড ট্রাঙ্ক রোড তৈরি করেছিলেন।

Class IV

মালগাড়ি

১. শব্দার্থ :- তুফান- ঝড়। এখানে দ্রুত চলা একটি ট্রেন।
২. মেলট্রেন:- দ্রুতগামী রেলগাড়ি।
৩. মালগাড়ি:- মালবহনকারি রেলগাড়ি
৪. ধান্দা:- মতলব
৫. প্যাসেঞ্জার :- ইংরেজি শব্দ, যাত্রী। এখানে রেলগাড়ি।

বিপরীত শব্দ:-

ভাটা x জোয়ার

বাঁধা x খোলা

সুখ x দুঃখ

যাওয়া x আসা

প্রশ্ন ও উত্তর

৩.৩। মালগাড়ি কোন কাজে ব্যবহৃত হয়?

উঃ মালগাড়ি দূরপথে মাল বহনের কাজে ব্যবহৃত হয়।

৩.৪। সত্যিই কি মালগাড়ির টাইম টেবিল অনুযায়ী চলার প্রয়োজন নেই?

উঃ না, মালগাড়ির টাইম টেবিল অনুযায়ী চলার প্রয়োজন নেই কারণ মালগাড়ি যাত্রী ওঠানো নামানোর কাজ করে না শুধু মাল বহন করে।

৩.৫। প্যাসেঞ্জার বা মেলট্রেনের তুলনায় মালগাড়ির ধীরগামী হওয়ার কারণ হল তার কোনো নির্দিষ্ট টাইমটেবিল নেই ও স্টেশন নেই তাই সে নিজের খুশিতেই চলে।